ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৪৫

সোনামুড়া, ২২ অক্টোবর, ২০২৫

**সোনামুড়ার কবি নজরুল সরকারি মহাবিদ্যালয়ে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত**

সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি কবি নজরুল সরকারি মহাবিদ্যালয়ে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ের উপর এক সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. সুখময় কান্তি ঘোষ বলেন, যেকোন প্রকার বিপর্যয় মোকাবিলা করার লক্ষ্যে নিজেদের প্রস্তুত থাকতে হবে। বিপর্যয় মোকাবিলার বিভিন্ন কৌশলগুলো সম্পর্কেও ধারণা রাখতে হবে। অনুষ্ঠানে মহকুমা শাসক রাজু দেব বিপর্যয় মোকাবিলার ক্ষেত্রে ছাত্রছাত্রীদেরও এগিয়ে আসার আহ্বান জানান। এছাড়াও অনুষ্ঠানে সোনামুড়া মহকুমা পুলিশ আধিকারিক শশীমোহন দেববর্মা বিপর্যয় মোকাবিলা বিষয়ে বিভিন্ন আইন নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিসিএম প্রবীর সাহা এবং টিএসআরের ১১নং ব্যাটেলিয়ানের সুবেদার মদন মোহন দেববর্মা। আলোচনা সভার পর মহাবিদ্যালয় প্রাঙ্গণে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলা বিষয়ক মহড়া প্রদর্শিত হয়। মহড়ায় অগ্নি নির্বাপক দপ্তর, টিএসআর, রেডক্রস সোসাইটির কর্মীসহ বিদ্যালয়ের এনএসএস ইউনিটের ছাত্রছাত্রীগণও অংশগ্রহণ করেন।

*******